৪

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.ugc.gov.bd

নথি নং- ৬ (১৫৮) বিমক/ রিসাপা/ ইউজিসি এওয়ার্ড- ২০১০/ ২৭৬৪ — তারিখ ঃ ৩১/০৩/২০১৪

রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

বিষয় ঃ ২০১৩ সালের জন্য " ইউজিসি এওয়ার্ড (UGC Award) প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে আবেদনপত্র আহবান।

জনাব,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/ পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ইউজিসি Award প্রদান করে আসছে। ২০১৩ সালে প্রকাশিত মৌলিক গবেষণা মূলক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের "ইউজিসি Award" প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করছে।

"ইউজিসি এওয়ার্ড " প্রদানের জন্য কমিশন প্রণীত নীতিমালা, বিজ্ঞপ্তি, ও আবেদনপত্রের ছক এতদসঙ্গে সংযুক্ত করা হলো (ইউজিসির ওয়েব সাইট www.ugc.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে)

সংযুক্ত বিজ্ঞাপনটি আপনার বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষকদের মধ্যে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।

সকল আবেদন আগামী ৩০/০৪/২০১৪ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এই ঠিকানায় পৌঁছাতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

৩১/৩/১৪
(মোঃ ওমর ফারুখ)
উপ-পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ
ফোন ঃ ৮১৮১৬২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। ডীন, প্রকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। ডীন, পুর কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। ডীন, যন্ত্র কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। ডীন, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬-৭। অফিস কপি-মাস্টার কপি ।

(মোহাম্মদ জিয়াউর রহমান)
সিনিয়র সহকারী পরিচালক

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/প-২৬/রে- ৫০৫০(৮০) — তারিখঃ ২৭/০৪/২০১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি (সংলগ্নীসহ):-

১। সকল বিভাগ প্রধান।
২। সকল ইনস্টিটিউট/সেন্টার-এর পরিচালক।
৩। গার্ড ফাইল/ব-৬।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.ugc.gov.bd

নথি নং- ৬ (১৫৮) বিমক/ রিসাপা/ ইউজিসি এওয়ার্ড - ২০১০/ তারিখ ঃ ৩০/০৩/২০১৪

২০১৩ সালের জন্য ইউজিসি পুরস্কার (UGC Award ) প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষদের নিকট থেকে দরখাস্ত আহবান।

## 'বিজ্ঞাপন'

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ/ পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ইউজিসি Award প্রদান করে আসছে। ২০১৩ সালের জন্য বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষক ইউজিসি Award পেতে আগ্রহী তাঁদেরকে সংযুক্ত নির্ধারিত ছক পূরণ করে গবেষণা কর্মের প্রকাশিত প্রবন্ধের ৫ কপি এবং পুস্তকের জন্য ৩ কপি ও আবেদনকারীর জীবন বৃত্তান্ত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/০৪/২০১৪ ইং তারিখ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পাঠানোর জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এওয়ার্ড প্রদানের নীতিমালা, আবেদনপত্রের নির্ধারিত ছক ইউজিসির ওয়েব সাইট (www.ugc.gov.bd ) থেকে ডাউনলোড করা যাবে।

৩০/৩/১৪

(ড. মোঃ লুৎফে আলম)
পরিচালক
রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, ঢাকা-১২০৭।
ফোন নং ৮১৮১৬১৮

২

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, ঢাকা-১২০৭

## ইউজিসি এওয়ার্ড প্রদান নীতিমালা

১লা জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত মৌলিক ও গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং পুস্তকের জন্য প্রতি বছর একবার নিম্নোক্ত বিভাগ/ শাখায় নির্দিষ্ট সংখ্যক ইউজিসি এওয়ার্ড প্রদান করা হবে।

১। পুস্তক বিভাগ :

(ক) যে কোন বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তকের জন্য ১টি

(খ) যে কোন বিষয়ে উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/ পর্যালোচনামূলক পুস্তকের জন্য ১টি

২। খ্যাতিসম্পন্ন জার্নালে প্রকাশিত peer reviewed প্রবন্ধের জন্য নিম্নোক্ত বিভিন্ন শাখায় মোট ১২টি :

(১) কলা, মানবিক, আইন ও শিক্ষা : ২টি

(২) সামাজিক বিজ্ঞান : ১টি

(৩) বিজনেস স্টাডিজ : ১টি

(৪) লাইফ সাইন্স / জীববিজ্ঞান : ১টি

(৫) কেমিকেল, বায়োকেমিকেল ও পরিবেশ বিজ্ঞান : ১টি

(৬) বন ও কৃষিবিজ্ঞান : ১টি

(৭) ভৌত বিজ্ঞান : ১টি

(৮) গাণিতিক, পরিসংখ্যান ও কম্পিউটার বিজ্ঞান : ১টি

(৯) প্রকৌশল ও প্রযুক্তি : ১টি

(১০) ক্লিনিক্যাল, ফার্মাসিউটিক্যাল ও মেডিকেল : ২টি

৩। পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ এ এওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন। তাঁকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত প্রোফর্মায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। পুস্তকের জন্য ৩কপি এবং প্রবন্ধের জন্য ৫কপি প্রকাশনা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং review article (পর্যালোচনামূলক প্রবন্ধ) এ এওয়ার্ডের জন্য বিবেচিত হবে না।

৭। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণাকর্মের প্রকাশনা এই এওয়ার্ডের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৮। ডিগ্রী অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ ইউজিসি এওয়ার্ড এর জন্য বিবেচিত হবে না।

৯। যৌথ প্রকাশনার ক্ষেত্রে কেবল মাত্র প্রধান গবেষক Co-author দের সম্মতিসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

১০। একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে তিনি অন্য বিভাগে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে চূড়ান্তভাবে একাধিক বিভাগে এওয়ার্ড পাবেন না।

১১। যদি কোন আবেদনকারী ইতোমধ্যে ইউজিসি এওয়ার্ড প্রাপ্ত হয়ে থাকেন তাহলে যে শাখায় এওয়ার্ড প্রাপ্ত হয়েছেন পরবর্তী ৪ বছর ঐ শাখায় আবেদন করতে পারবেন না। তবে তিনি অন্য যে কোন শাখায় এওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন।

১২। উপদেষ্টা কমিটি আবেদনপত্রসমূহ মূল্যায়নের জন্য প্রতিটি শাখার জন্য ৩ থেকে ৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করবে। উপ-কমিটি প্রয়োজনে অনধিক দু'জন সদস্য কো-অপট করতে পারবে।

১৩। ইউজিসি এওয়ার্ড Advisory কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বিবেচিত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট উপ-কমিটিতে প্রেরণ করা হবে। উপ-কমিটির আহবায়কগণ নির্দ্দিষ্ট সময়সীমার মধ্যে ইউজিসিতে সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। প্রতিটি উপ-কমিটি নিজ নিজ শাখার জন্য একটি আলাদা মেধা তালিকা প্রণয়ন করে পরবর্তী Advisory কমিটিতে উপস্থাপন করবে। Advisory কমিটি প্রতিটি শাখার বিজয়ী চূড়ান্ত করবে।

১৫। কোন বছর কোন বিভাগ/শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে বিভাগ/ শাখায় এওয়ার্ড প্রদান করা হবে না।

১৬। প্রবন্ধের জন্য প্রত্যেক এওয়ার্ড প্রাপ্তকে নগদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা এবং পুস্তকের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে। তাছাড়াও প্রত্যেক এওয়ার্ড প্রাপ্তকে একটি সার্টিফিকেট এবং একটি সম্মান-সূচক ক্রেস্ট প্রদান করা হবে।

১৭। ইউজিসি এওয়ার্ড প্রদান সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা কমিটি যে কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

২

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. ugc.gov.bd

ইউজিসি এওয়ার্ডের জন্য আবেদনপত্রের ফরম/ প্রোফর্মা
(প্রয়োজনে অতিরিক্ত শীট ব্যবহার করা যাবে)

১। আবেদনকারীর নাম বাংলায় ঃ
ইংরেজীতে ঃ

পদবী ঃ

বিভাগ ঃ

২। বিশ্ববিদ্যালয়ের নাম ঃ
৩। প্রকাশনার শিরোনাম (প্রবন্ধ/ পুস্তক) ঃ

৪। জার্নালের নাম ঃ
৫। প্রকাশনা সংস্থার নাম ও ঠিকানা ( দেশের নাম উল্লেখ পূর্বক) ঃ
৬। প্রকাশনার ধরন (Online/Print) ঃ
৭। প্রকাশনার তারিখ ঃ
৮। Impact factor (যদি থাকে) ঃ
৯। ভলিউম নম্বর / ইস্যু নম্বর/ আই এস বি এন নাম্বার (যদি থাকে) ঃ
১০। যৌথ প্রকাশনার ক্ষেত্রে অন্যান্য লেখকের নাম (প্রত্যেকের সম্মতিপত্র সংযুক্ত করতে হবে) ঃ
১১। যদি প্রবন্ধ হয় তাহলে নিম্নের কোন শাখায় এওয়ার্ডের জন্য বিবেচিত হবে ( যে কোন একটিতে টিক চিহ্ন দিন) ঃ *কলা ও মানবিক, আইন ও শিক্ষা / সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ লাইফ সাইন্স বা জীববিজ্ঞান/ কেমিকেল, বায়োকেমিকেল ও পরিবেশ বিজ্ঞান/ বন ও কৃষি বিজ্ঞান/ ভৌত বিজ্ঞান/ গাণিতিক, পরিসংখ্যান ও কম্পিউটার বিজ্ঞান/ প্রকৌশল ও প্রযুক্তি/ ক্লিনিক্যাল, ফার্মাসিউটিক্যাল ও মেডিকেল/*
১২। যদি প্রকাশনাটি পুস্তক হয় তাহলে কোন শাখায় বিবেচিত হবে। (যে কোন একটিতে টিক চিহ্ন দিন)। ঃ *টেক্সট/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক প্রবন্ধ*

১৩। যে প্রতিষ্ঠানে গবেষণা কর্ম সম্পাদিত হয়েছে তার নাম ও ঠিকানা ঃ
১৪। আপনি ইতিপূর্বে ইউজিসি এওয়ার্ড পেয়ে থাকলে কোন সালে কোন শাখার জন্য ঃ
১৫। ঘোষণা: আমি এই মর্মে ঘোষণা করছি যে UGC Award এর জন্য দাখিলকৃত গবেষণা প্রবন্ধ/পুস্তকটি বা তার বিষয়বস্তু কোন ডিগ্রী অর্জনের জন্য ব্যবহৃত থিসিস -এর অংশ নয়। ঃ

আবেদনকারীর স্বাক্ষর

মোবাইল নম্বর ঃ-

ই-মেইল ঃ-